

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পুলিশ শাখা-২  
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৫.০০৪.০০২.১৫-১৩৪

তারিখ- ০৩ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ  
১৫ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ The 13<sup>th</sup> Annual Heads of NCB Conference -এ অংশগ্রহণের নিমিত্ত পুলিশ কর্মকর্তার ফ্রান্স গমনের অনুমতি।

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ০৭-০৯ মার্চ, ২০১৭ সময়ে অনুষ্ঠিতব্য The 13<sup>th</sup> Annual Heads of NCB Conference এ অংশগ্রহণের নিমিত্ত ব্যারিস্টার মাহবুবুর রহমান, ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকার অনুকূলে ফ্রান্স গমনের সরকারী অনুমোদন জ্ঞাপন করছি।

শর্তাবলীঃ

- (ক) বর্ণিত কনফারেন্সে অংশগ্রহণের যাতায়াত ও আবাসন বাবদ যাবতীয় ব্যয় আয়োজক সংস্থা বহন করবে। তবে বর্ণিত কনফারেন্সে যোগদানের জন্য নগদ ভাতা ও অন্যান্য প্রাপ্য অর্থ পুলিশ বাজেটের কোড নং-৩-২২১২-১১০০-ডিএমপি-৪৮০১' ভ্রমণ ব্যয় খাত হতে বিধি মোতাবেক অগ্রিম উত্তোলন করতে পারবেন।
- (খ) তার বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- (গ) তিনি কনফারেন্স অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- (ঘ) তিনি ০৬ মার্চ, ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং কনফারেন্স শেষে আগামী ১০ মার্চ, ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তিনি জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন পেশ করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

ফারজানা জেসমিন  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।

নং-৪৪.০০.০০০০.০৯৫.০০৪.০০২.১৫-১৩৪/১(১০)

তারিখ- ০৩ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ  
১৫ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। বর্ণিত সফরের জন্য সংশ্লিষ্ট দেশের ভিসা প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় নোট ভারব্যাল জারীর নিমিত্ত বিশেষভাবে অনুরোধ জানানো হলো (সত্যায়িত নোটশীটের ছায়ালিপি সংযুক্ত)।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মূদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব, পুলিশ-১ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১০। জনাব.....।

ফারজানা জেসমিন  
সিনিয়র সহকারী সচিব